ভেদরগঞ্জ উপজেলা পরিষদ

শরীয়তপুর।

৬ষ্ঠ উপজেলা পরিষদের ৫ম সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ মাইনউদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ), ভেদরগঞ্জ, শরীয়তপুর ও প্রশাসক, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
সভার তারিখ : ২২ অক্টোবর ২০২৪
সময় : সকাল ১১.৩০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : রেজিস্টারে সংরক্ষিত রয়েছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর ও প্রশাসক, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর সভা পরিচালনা করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় গত সভার কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়। সভায় বিভাগ ও বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>সেবার ধরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>মোট নরমাল ডেলিভারি</td><td>৭৫ টি</td></tr>
<tr><td>০২</td><td>সিজারিয়ান ডেলিভারি</td><td>০৯ টি</td></tr>
<tr><td>০৩</td><td>সিএইচসিপি ও স্বাস্থ্য সহকারীর মাধ্যমে নরমাল ডেলিভারি</td><td>২১ টি</td></tr>
<tr><td>০৪</td><td>হাসপাতালের আন্তঃবিভাগ রোগীর সেবা</td><td>১,৮৫৪ জন</td></tr>
<tr><td>০৫</td><td>হাসপাতালের বহিঃবিভাগ রোগীর সেবা</td><td>১২,৭৯০ জন</td></tr>
<tr><td>০৬</td><td>হাসপাতালের জরুরী:বিভাগ রোগীর সেবা</td><td>২,৬৯৫ জন</td></tr>
<tr><td>০৭</td><td>তারাবুনিয়া ২০ বেড হাসপাতালের রোগীর সেবা</td><td>১,৬০৭ জন</td></tr>
<tr><td>০৮</td><td>৫টি উপস্বাস্থ্য কেন্দ্রে রোগীর সেবা</td><td>২,৩৫৫ জন</td></tr>
<tr><td>০৯</td><td>৩৬টি কমিউনিটি ক্লিনিকে রোগীর সেবা</td><td>১৬,৭২৮ জন</td></tr>
<tr><td>১০</td><td>করোনা টিকা দেয়া হয়েছে</td><td>০০ জন</td></tr>
<tr><td>১১</td><td>মাইনর সার্জারী</td><td>৫৪৭ টি</td></tr>
<tr><td>১২</td><td>মেজর অপারেশন</td><td>০১ টি</td></tr>
<tr><td>১৩</td><td>হাসপাতালে প্যাথলোজী সেবা</td><td>১৪০৯ জন</td></tr>
<tr><td>১৪</td><td>ডেঙ্গু রোগীর সেবা</td><td>০৯ জন</td></tr>
<tr><td>১৫</td><td>সাপে কাটা রোগীর চিকিৎসা</td><td>০৩ জন</td></tr>
</table>
হাসপাতালে প্যাথলজিক্যাল ইউজার ফি হিসেবে আদায়কৃত ১,৭৪,২৮৯/- টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।
</td><td>সেবার মান বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

CS CamScanner

০২। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পদ্ধতির নাম</th><th>পুরাতন</th><th>ড্রপ আউট</th><th>নতুন</th><th>মোট গ্রহণকারী</th><th>চলতি মাসে জন্মগ্রহণকারীর সংখ্যা</th><th>চলতি মাসে মত্যুবরণকারীর সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>খাবার বড়ি</td><td>১৬৫৭১</td><td>২৪৪</td><td>২১৬</td><td>১৬৫৪৩</td><td rowspan="8">২৩৪</td><td rowspan="8">৭৫</td></tr>
<tr><td>০২</td><td>কনডম</td><td>৩৫৪২</td><td>৬৩</td><td>৮৩</td><td>৩৫৬২</td></tr>
<tr><td>০৩</td><td>ইনজেকটেবল</td><td>৮০৯৮</td><td>৯৭</td><td>১৪৯</td><td>৮১৫০</td></tr>
<tr><td>০৪</td><td>আই ইউ ডি</td><td>১৩৭৬</td><td>২৫</td><td>২৪</td><td>১৩৭৫</td></tr>
<tr><td>০৫</td><td>ইমপ্লান্ট</td><td>২২৫৪</td><td>৩৯</td><td>৭৩</td><td>২২৮৮</td></tr>
<tr><td>০৬</td><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>১১২৯</td><td>০২</td><td>০১</td><td>১১২৮</td></tr>
<tr><td>০৭</td><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>২৬১৯</td><td>১২</td><td>১৮</td><td>২৬২৫</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৩৫৫৮৯</td><td>৪৮২</td><td>৫৬৪</td><td>৩৫৬৭১</td></tr>
</table>
প্রজনন স্বাস্থ্য সেবাঃ
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>সেবার ধরণ</th><th>সেবাগ্রহিতার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>গর্ভকালীন সেবা</td><td>৫৩৪ জন</td></tr>
<tr><td>০২</td><td>প্রসবোত্তর সেবা</td><td>২০৯ জন</td></tr>
<tr><td>০৩</td><td>নবজাতকের সেবা</td><td>১৯৭ জন</td></tr>
<tr><td>০৪</td><td>ডেলিভারী (স্বাভাবিক)</td><td>৫৮ জন</td></tr>
<tr><td>০৫</td><td>কিশোর কিশোরী সেবা</td><td>১৯৭৭ জন</td></tr>
<tr><td>০৬</td><td>সাধারণ রোগীর সেবা</td><td>৪২৫৭ জন</td></tr>
<tr><td>০৭</td><td>শিশু সেবা(০-৫) বছর</td><td>১৫০৪ জন</td></tr>
<tr><td>০৮</td><td>পুষ্টি সেবা</td><td>১৮৩০ জন</td></tr>
</table>
মোট সক্ষম দম্পত্তিঃ ৪৭,৮১৫ টি, মোট সেবাগ্রহণকারীঃ ৩৫,৬৭১ জন, সি, এ,আর - ৭৪.৬০%।
</td><td>সেবার মান বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

০৩। **কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলার সারের মজুদ পরিস্থিতি এবং মাঠের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথাযথভাবে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা
০২	এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।		

০৪। **মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	১৩ অক্টোবর হতে ০৩ নভেম্বর ২০২৪ পর্যন্ত মা ইলিশ রক্ষা অভিযান চলমান রয়েছে। অল্প সময়ে মৎস্য মৎস্য ভিজিএফ বিতরন করায় ইউপি কর্মকর্তাগনকে ধন্যবাদ জানান। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা আরো জানান যে, জলে ও স্থলে একসাথে অভিযান করা প্রয়োজন।	নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা

CamScanner

০৫। প্রাণি সম্পদ বিভাগ : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	(নিচের সারণি দ্রষ্টব্য)	সেবার মান বৃদ্ধি করতে হবে এবং সকল ইউনিয়নে সেবা দেয়ার ব্যবস্থা করতে হবে।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা

ক্রমিক নং	কার্যক্রম	পরিমাণ
০১	গবাদি প্রাণির চিকিৎসা	১৭৫০ টি
০২	হাঁস-মুরগীর চিকিৎস্যা	২০২৫০ টি
০৩	গবাদি প্রাণির টিকা প্রদান	৭২০০ টি
০৪	হাঁস-মুরগীর টিকা প্রদান	৪৪৫০০ টি
০৫	উঠান বৈঠক	০৬ টি
০৬	খামার পরিদর্শন	১৪ টি
০৭	পরামর্শ প্রদান	কার্যক্রম অব্যাহত রয়েছে
০৮	ডিজিজ সার্ভিলেন্স	০২ টি
০৯	পোষা প্রাণির চিকিৎসা	-
১০	কৃত্রিম প্রজনন	৫৩৬ টি
১১	গাভীর গর্ভ পরীক্ষা	১৫৮ টি
১২	টিকাবীজ বিক্রয় ও কৃত্রিম প্রজনন বাবদ আয়	৫৮,৪৭৫/- টাকা

০৬। উপজেলা প্রকৌশল অফিস : উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল নির্মাণ করার জন্য টেন্ডার আহব্বান করে ঠিকাদার নির্বাচন করা হয়েছে, কিন্তু অফিসিয়াল বিভিন্ন পরিস্থিতির কারনে লে-আউট দেয়া সম্ভব হয় নি। তাছাড়া উপজেলা পরিষদের হলরুমের দক্ষিন পাশে নিরাপত্তা না থাকায় পর পর ০২ (দুই) বার চুরির ঘটনা ঘটেছে। চুরি প্রতিরোধে ও হলরুমের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এসএস দ্বারা গ্রীল নির্মান করা হলে চুরি প্রতিরোধ করা সম্ভব হবে। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	হলরুমের নিরাপত্তা নিশ্চিত করতে ১। দ্রুত বাউন্ডারি ওয়ালের লে-আউট দেওয়া হবে ২। চুরি প্রতিরোধে হলরুমের দক্ষিন পশ্চিম পাশে থাই দরজার সামনে এসএস দ্বারা গ্রীল নির্মান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী

০৭। প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	১। উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি গঠন কাজ চলমান রয়েছে। ২। সকল প্রাথমিক বিদ্যালয়ের এডহক কমিটি গঠনের কাজ চলমান রয়েছে। ৩। শিক্ষার্থীদের ২য় প্রান্তিক মূল্যায়ন শেষ হয়েছে। ৪। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে কমিটি গঠনের কার্যক্রম সম্পাদন করতে হবে।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

০৮। উ: মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভাঃ) সভায় জানান যে, আন্তঃ স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির আয়োজনে ৫১ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা গত ০৮-১০-২০২৪খ্রিঃ তারিখে শেষ করা হয়েছে। বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইজ) এর আওতায় অত্র উপজেলাধীন পোষ্ট প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (মাধ্যমিক বিদ্যালয়, কলেজ , মাদ্রাসা, কারিগরি) অনলাইন জরিপ কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। গত ১৫/১০/২০২৪ খ্রিঃ তারিখ এইচ.এস.সি/সমমান পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। উপজেলাধীন ০২টি কেন্দ্রে মোট এইচ.এস.সি পরিক্ষার্থী ছিল ১১৫৬ জন, পাশ ৭৬০ জন , জিপিএ ৫ পেয়েছে ২১ জন, পাশের সহার ৬৫.৭৪% । আলিম পরীক্ষার্থী ছিল ৮৬ জন, পাশ ৭৪ জন, জিপিএ ৫ পেয়েছেন ০৪ জন, পাশের হার ৮৬.০৫%। এছাড়াও দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।

CamScanner

০৯। **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন প্রক্রিয়াধীন রয়েছে। পল্লী মাতৃকেন্দ্রের ঋণ বিতরণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। প্রতিবন্ধী ও হিজড়া জরিপ কার্যক্রম চলমান রয়েছে। ১০জন অসহায় রোগী চিকিৎসা সহায়তার জন্য আবেদন করেছেন। আবেদনের যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। ক্যাপেটেশন গ্রান্ডপ্রাপ্ত ০৬টি এতিমখানার ১১৭জন এতিম নিবাসীর তথ্য অনলাইনে এন্টির কার্যক্রম চলমান রয়েছে। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১০। **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সেপ্টেম্বর ২০২৪ মাসে তার বিভাগের আওতায় ১০৩টি সমিতি রয়েছে। এর মধ্যে ৪৩টি সমিতি সক্রিয় রয়েছে। তার দপ্তরের ঋণ কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>বার্ষিক টার্গেট</th><th>মাসিক অর্জন</th><th>সর্বমোট অর্জন</th></tr>
<tr><td>০১</td><td>মোট সমিতির লক্ষমাত্রা</td><td>০২</td><td>০</td><td>০০ টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য</td><td>৩০০</td><td>০৩</td><td>০০ জন</td></tr>
<tr><td>০৩</td><td>ঋণ বিতরণ</td><td>৮১২.৫০</td><td>৪৬.৬০ লক্ষ</td><td>৪৬.৬০ লক্ষ</td></tr>
<tr><td>০৪</td><td>ঋণ আদায়</td><td>৭৭৬.৫৫৫</td><td>৩২.৪০ লক্ষ</td><td>৩২.৪০ লক্ষ</td></tr>
<tr><td>০৫</td><td>সঞ্চয়</td><td>৫০.৩০</td><td>২.৯১ লক্ষ</td><td>২.৯১ লক্ষ</td></tr>
</table>
</td><td>মাসিক ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
</table>

১১। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে টিআর, কাবিখা ও কাবিটার কোন বরাদ্দ পাওয়া যায়নি। ২০২৩-২৪ অর্থ বছরের কার্যক্রম সমাপ্তি প্রতিবেদন প্রস্তুত করে জেলায় ও অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। দাপ্তরিক কাযক্রম স্বাভাবিক চলছে।

১২। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, ভেদরগঞ্জ উপজেলায় ৬০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ চলমান রয়েছে। চলতি মাসে ০৫টি সমাপ্ত করে কর্তৃপক্ষকে বুঝিয়ে দেওয়া হয়েছে। অন্যান্য স্কুলের কাজ চলছে। অদ্য ২২-১০-২০২৪খ্রিঃ তারিখে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে বর্ণ্যঢ্য র‍্যালী, হাত ধোয়া প্রদর্শনী ও আলোচনা করা হয়েছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৩। **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	অক্টোবর/২৪ পর্যন্ত যুব সংগঠনের উদ্যোগে ডিএমখালী ইউনিয়নে যুব ও যুব মহিলাদের ৭ দিন মেয়াদি পারিবারিক হাঁস-মুরগী, গবাদি পশু পালন বিষয়ে ৬০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৮%। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যাচাই বাছাই করে উপযুক্ত যুব ও যুব মহিলাকে ঋণ প্রদান করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

১৪। **উপজেলা সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অক্টোবর/২৪ মাসে অডিট সম্পূর্ন হয়েছে। ঋণ আদায় ৭৯,৮০০/- টাকা।	যথাযথভাবে সমিতির ঋণ আদায় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা

CS CamScanner

১৫। **উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, সেপ্টেম্বর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	২০২৩-২৪ ভিডব্লিউবি চক্রের সেপ্টেম্বর- ২০২৪ মাসের খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা ভাতার আবেদন আগামী ৩০ অক্টোবর ২০২৪ পর্যন্দ তরা যাকে। পাওয়ার উপযোগী সকলকে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। সেপ্টেম্বর/২০২৪ খ্রি: মাসে ৪৬,৭২৫/- টাকার ঋণের কিস্তি আদায় হয়েছে। তন্মধ্যে আসল ৪৪,৫০০/- টাকা এবং সুদ ২,২২৫/- টাকা। কিশোর কিশোরি ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।	ঋণের কিস্তি আদায়ের হার বৃদ্ধি করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

১৬। **বন বিভাগ :** ফরেস্টার জানান যে, উপজেলা পর্যায়ে বৃক্ষমেলা করার নির্দেশনা রয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৭। **পল্লী সঞ্চয় ব্যাংক :** ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক এর সেপ্টেম্বর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

সিদ্ধান্ত: মাসিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে দাখিল করার জন্য বলা হলো।

বাস্তবায়নে: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।

১৮। **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয় হতে কার্যপত্র না পাওয়ায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা।

সিদ্ধান্ত: মাসিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে দাখিল করার জন্য বলা হলো।

বাস্তবায়নে: উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভেদরগঞ্জ।

১৯। **পল্লী বিদ্যুৎ সমিতি :** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, ভেদরগঞ্জ জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>অভিযোগ গ্রহণ</td><td>২৪৮ টি</td></tr>
<tr><td>০২</td><td>অভিযোগ নিষ্পত্তি</td><td>২৪৮ টি</td></tr>
<tr><td>০৩</td><td>বিনষ্ট ট্রান্সফরমার পরিবর্তন</td><td>০৪ টি</td></tr>
<tr><td>০৪</td><td>নতুন মিটার স্থাপন</td><td>৩৭ টি</td></tr>
<tr><td>০৫</td><td>বিলকৃত অর্থ</td><td>১,৯৭,২৯,২৬৪/-</td></tr>
<tr><td>০৬</td><td>বিল আদায়কৃত অর্থ</td><td>১,৬৪,০৯,৪৮৬/-</td></tr>
<tr><td>০৭</td><td>আদায়ের হার</td><td>৮৩.১৭ %</td></tr>
<tr><td>০৮</td><td>বকেয়াধারী গ্রহক সংখ্যা</td><td>৭৮৪ জন</td></tr>
<tr><td>০৯</td><td>গ্রাহক প্রান্তে বকেয়ার পরিমান</td><td>২,৪৮,২৬,৫৯৫/-</td></tr>
</table>
পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের আওতায় বৈদ্যুতিক লাইনের পাশে গাছ, গাছের ডালা, বাঁশ ইত্যাদি কর্তনের অর্থাৎ রাইট অব ওয়ে এবং জরুরী রক্ষাবেক্ষন কাজ চলছে।
শরীয়তপুর পবিস এর সম্মানিতগ্রাহক সদস্যদের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ করা হলো।</td><td>১।দ্রুত জরুরী ভিত্তিতে গাছের ডালা কর্তনের জন্য ব্যবস্থা করতে হবে।
গ্রাহকদের যাতে কোন ভোগান্তি না হয় সেদিক নজর রাখতে হবে।</td><td>সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ভেদরগঞ্জ</td></tr>
</table>

CamScanner

২০। **পল্লী বিদ্যুৎ সমিতি :** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, সখিপুর জানান যে, সেপ্টেম্বর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>অভিযোগ গ্রহণ</td><td>৫৩৯ টি</td></tr>
<tr><td>০২</td><td>অভিযোগ নিষ্পত্তি</td><td>৫৩৯ টি</td></tr>
<tr><td>০৩</td><td>বিনষ্ট ট্রান্সফরমার পরিবর্তন</td><td>২৫ টি</td></tr>
<tr><td>০৪</td><td>নতুন মিটার স্থাপন</td><td>৯৬ টি</td></tr>
<tr><td>০৫</td><td>বিলকৃত অর্থ</td><td>৩,৫১,৭০,২১৮/-</td></tr>
<tr><td>০৬</td><td>বিল আদায়কৃত অর্থ</td><td>৩,৪৬,০৮,৮৪৩/-</td></tr>
<tr><td>০৭</td><td>আদায়ের হার</td><td>৯৮.৪০ %</td></tr>
<tr><td>০৮</td><td>বকেয়াধারী গ্রহক সংখ্যা</td><td>৪৭৩৭ জন</td></tr>
<tr><td>০৯</td><td>গ্রাহক প্রান্তে বকেয়ার পরিমান</td><td>৩,৮৮,৬৪,৪৮০/-</td></tr>
</table>
সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট অনেক টাকা বকেয়া বিদ্যুৎ বিল হিসেবে পাওনা রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়।</td><td>১। অভিযোগ সমূহকে গুরুত্ব বিবেচনায় নিয়ে সমাধান করতে হবে।
২। জনসাধারণ যাতে হয়রানির স্বীকার না হয় সেদিকে নজর রাখতে হবে।</td><td>সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ভেদরগঞ্জ</td></tr>
</table>

২১। **তথ্য আপা :** তথ্যসেবা কর্মকর্তা, মহিলা সংস্থা, ভেদরগঞ্জ জানান যে, অক্টোবর ২০২৪ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

ক্রমিক নং	বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	ডোর টু ডোর সেবা প্রদান চলমান রয়েছে। চলতি মাসে ২৫০ জনগ্রামীন মহিলাদের স্বাস্থ্যসেবা, তথ্য, প্রযুক্তিসহ বিভিন্ন দপ্তরের সেবা কার্যক্রম দিয়ে সহযোগিতা চলমান রয়েছে। তথ্যকেন্দ্রের সেবা কার্যক্রম চলমান রয়েছে। উঠান বৈঠক কার্যক্রম বন্ধ রয়েছে।	মাসিক সেবা কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভেদরগঞ্জ

বিবিধ আলোচনা :

০১। **উপজেলা পরিষদের** সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর **বহিঃ বাংলাদেশ ছুটি সর্ম্পকে আলোচনাঃ**

জনাব মিজানুর রহমান, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর পবিত্র উমরাহ্ হজ্ব পালনের জন্য সৌদি আরব গমনের নিমিত্ত ১৩-১১-২০২৪ খ্রিঃ তারিখ হতে ০১-১২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৯ (উনিশ) দিনের বহিঃ বাংলাদেশ (অর্জিত) ছুটির চেয়ে আবেদন করেছেন। তার আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা ২০১০ এর অনুচ্ছেদ ১৪ (২) মোতাবেক পূর্ণ বেতনে পবিত্র উমরাহ্ হজ্ব পালনের নিমিত্তে সৌদি আরব গমনের জন্য আগামী ১৭-১১-২০২৪ খ্রিঃ হতে ০১-১২-২০২৪ খ্রিঃ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। গাছ কর্তন সংক্রান্ত আলোচনাঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার অফিসের সামনে একটি আকাশ মনি গাছ, উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবনের নিকট দুইটি করই গাছ ঝড়ে পড়ে গেছে। উক্ত গাছগুলো কর্তন করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী ও ফরেস্টারকে সরেজমিন পরিদর্শন করে মূল্য নির্ধারণ করে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। মূল্য নির্ধারণ সাপেক্ষে উন্মুক্ত নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। **বিভিন্ন ব্যয় অনুমোদনঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	উপজেলা পরিষদের অক্টোবর/২৪ মাসের ইন্টারনেট বিল।	=১,০০০/-

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১০/২০২৪
মোঃ মাইনউদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)
ভেদরগঞ্জ, শরীয়তপুর
ও
প্রশাসক
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নং- ০৫.৩০.৮৬১৪.০০০.০৯.০০১.১৭- ৬২২ তারিখঃ ২৩ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

০১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-২, বাংলাদেশ জাতীয় সংসদ-২২২, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ-২২৩, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, সংরক্ষিত আসন ৩৯।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৬. চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৮. মেয়র, ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
০৯. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১০. চেয়ারম্যান, -- ইউনিয়ন পরিষদ (সকল), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১১. জনাব ---
১২. অফিস কপি।

২৩/১০/২০২৪
মোঃ মাইনউদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)
ভেদরগঞ্জ, শরীয়তপুর।